



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০১.২১-৫৯৯

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩৩  
০৮ জুলাই, ২০২৬

## অফিস আদেশ

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক শৃঙ্খলা সমুন্নত রাখা ও প্রশাসনিক কার্যক্রম আরো গতিশীল করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সকল কর্মকর্তা ও কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯.০০ টার মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;
- (খ) অফিস সময় শেষ হওয়ার পূর্বে কেউ নিজ দপ্তর ত্যাগ করবে না;
- (গ) অফিস চলাকালীন দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে কর্মকর্তা-কর্মচারীগণকে নিজ বিভাগের প্রধান (রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, পরিদর্শক ও প্রকাশনা নিয়ন্ত্রক)-এর অনুমতি গ্রহণকরত: সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর তফসিল অনুযায়ী ডিজিটাল হাজিরা প্রদানকরত: অফিস ত্যাগ করতে হবে;
- (ঘ) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সকল আঞ্চলিক অফিসের কর্মকর্তা/কর্মচারীগণকে সাপ্তাহিক বা অন্যান্য ছুটির দিনে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণক্রমে কর্মস্থল ত্যাগ করতে হবে।
- (ঙ) আলিম পরীক্ষা-২০২৬ চলাকালীন পরীক্ষার দিনসমূহে সকল কর্মকর্তা-কর্মচারীকে সকাল ৮.৩০ টার মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে।
- (চ) আলিম পরীক্ষা-২০২৬ চলাকালীন প্রতি শনিবার পরীক্ষা শাখা, আইসিটি সেল, কম্পিউটার শাখা, প্রশাসন (সংস্থাপন) ও পরীক্ষা সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীকে নির্ধারিত সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে;

০২। কোন কর্মকর্তা-কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, অফিস ত্যাগ, বিলম্বে অফিসে উপস্থিত হলে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

প্রফেসর এস এম তোহিদুজ্জামান

রেজিস্ট্রার

ফোন: ০২-৯৬১২৮৫৮

ইমেইল-registrar@bmeb.gov.bd

নং- ৫৭.১৬.০০০০.০০৯.১৮.০০১.২১-৫৯৯(৭)

তারিখ: ২৪ আষাঢ়, ১৪৩৩  
০৮ জুলাই, ২০২৬

বিতরণ-সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. পরীক্ষা নিয়ন্ত্রক/মাদ্রাসা পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
২. সিনিয়র পরামর্শক (চুক্তিভিত্তিক), কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৩. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ);
৪. পি. ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. সহকারী পরিদর্শক, আঞ্চলিক কার্যালয় (সকল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড ;
৬. সেকশন অফিসার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (শাখার সকলকে অবহিতকরণের অনুরোধসহ);
৭. অফিস কপি।

মোঃ আব্দুর রশিদ

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ০২-২২৩৩৬৪৮৭৪

ইমেইল- dradmin@bmeb.gov.bd